

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৮৯/২০১৪

তারিখ : ২৩/১২/২০১৪ খ্রিঃ

সকল সম্মানিত সদস্যদের প্রতি,

০৯ পৌষ, ১৪২১ বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-১০২, তারিখ-১৮/১২/২০১৪ইং সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ১০২

তারিখ- ১৮/১২/১৪

বিষয়ঃ শুল্কায়ন সেকশন-৮(সি) ও ৮(ডি) এ দাখিলকৃত IM-7 এর বিপরীতে প্রিপেইড এ্যাকাউন্টের মাধ্যমে প্রযোজ্য শুল্ক-করাদি ও চার্জসমূহ অটোমেটেড পদ্ধতিতে পরিশোধ চালুকরণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০১/২০১৫ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হতে আমদানি শুল্কায়ন সেকশন-৮(সি) ও ৮(ডি) এ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের সংশ্লিষ্ট মডিউল এবং সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস শাখায় চালুকৃত প্রিপেইড এ্যাকাউন্টের মাধ্যমে অটোমেটেড পদ্ধতিতে শুল্কায়ন সেকশন-৮(সি) ও ৮(ডি) এর বিল অব এন্ট্রি (IM-7) সংশ্লিষ্ট শুল্ক/কর ও অন্যান্য চার্জসমূহ পরিশোধিত হবে।

০২। ইতোপূর্বে এ দপ্তরের অফিস আদেশ নং-৫৩, নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/০৫-কাস (১-৮), তারিখ-০১/০১/২০১৪ খ্রিঃ এর মাধ্যমে বিল অব এক্সপোর্টের রাজস্ব প্রি-পেইড এ্যাকাউন্ট কারেন্টে জমাকৃত অর্থের বিপরীতে সমন্বয়করণ প্রসঙ্গে জারীকৃত আদেশের মাধ্যমে উক্ত কার্যক্রম পরিচালনা পদ্ধতি প্রণয়ন করা হয়েছে, যা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুদ সাদিক)

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফোনঃ ০৩১-৭১৩৯১৮

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/(অংশ-১)/৭৬৫৪()কাস

তারিখঃ ১৮/১২/১৪।

পৃষ্ঠা নং- ৯৯